উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

স্মারক নং- ০৫.৮১৮.রাজস্ব.০০.০০.০২২.২০১৭/১৭৪(১৫০) তাং- ২৪/০১/২০১৭ খ্রিঃ।

# ফুলবাড়ী উপজেলা পরিষদের অধিক্ষেত্রের অধীন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধরণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলা পরিষদের অধিক্ষেত্রের অধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ প্রচলিত বিধি ও শর্ত মোতাবেক বাংলা ১৪২৪ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী জনসাধারণ ও হাট-বাজার ব্যবসায়ীগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীল মহোরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, সহকারী কমিশনার (ভূমি) ফুলবাড়ী, এর কার্যালয়, ফুলবাড়ী থানা (পুলিশ স্টেশন) এবং সোনালী ব্যাংক লিঃ, ফুলবাড়ী শাখা, ফুলবাড়ী, দিনাজপুর হতে নির্ধারিত মূল্যে দরপত্র (অফেরৎযোগ্য) সংগ্রহ করে নিম্নোক্ত তারিখে টেন্ডার বাক্সে দাখিল করে নির্ধারিত তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর ও সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গৃহীত হবে। প্রাপ্ত দরপত্র সমূহ একই দিবসে ও নির্দিষ্ট সময়ে দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে। হাট-বাজার ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে জানা যাবে।

শর্তাবলীঃ

০১। বাংলা ১৪২৪ সনের ১লা বৈশাখ হতে ১৪২৪ সনের ৩০ চৈত্র ০১ (এক) বছর মেয়াদে ইজারা দেয়া হবে। সরকারি হাট-বাজারের ইজারা প্রদানের জন্য সকল ক্ষেত্রে বন্ধ খামে দরপত্র দাখিল করতে হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যে ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেঅর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরের অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে, উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

০৩। সর্বোচ্চ দরদাতার দর অনুমোদনের পর পত্র মারফত অবহিত করা হবে। উক্ত পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ, ৫% আয়কর ও ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাব-লীজ) দিতে পারবে না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। হাট-বাজারের ইজারাদার নিজ দায়িত্বে হাট-বাজার নিয়মিত ভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাঁকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

## নিম্ন তফশীল মোতাবেক ইজারা প্রদান কার্য পরিচালিত হবেঃ

| ইজারা প্রদানের স্তর ও সময় | হাট-বাজারের নাম | ১৪২৪ সনের সম্ভাব্য ইজারা মূল্য | প্রতিসেট দরপত্র দলিলের মূল্য | দরপত্র প্রাপ্তির স্থান | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ, শেষ সময় ও স্থান | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম বার | ক) আমড়ুজ্ঞি হাট | ৫,২৩,৬৫০/- | ১,৮০০/- | জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ফুলবাড়ী ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফুলবাড়ী দিনাজপুর, সোনালী ব্যাংক লিঃ, ফুলবাড়ী শাখা এবং পুলিশ স্টেশন, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী | ১৪/০২/২০১৭ তারিখ পর্যন্ত। | ১৫/০২/২০১৭ খ্রীঃ তারিখ বেলা ৯ টা হতে ১টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, পুলিশ সুপারের কার্যালয় দিনাজপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর | খ্রীঃ তারিখ বেলা- ১:৩০ ঘটিকায় | অনিবার্য কারণে যে সমস্ত হাট বাজার ইজারা বন্দোবস্ত হবে না সে গুলি বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ ও সময়ে যথাক্রমে দরপত্র বিক্রয়, দাখিল ও খোলার মাধ্যমে বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা নেয়া হবে। |
| | খ) বারাই হাট | ৩,৯২,০৫০/- | ১,৪০০/- | | | | | |
| | গ) বারাই বাজার | বসে না | -- | | | | | |
| | ঘ) মাদিলা হাট | ৭,১৯,৭৭০/- | ২,২০০/- | | | | | |
| | ঙ) মাদিলা বাজার | ১,৮৭,৯২০/- | ১,০০০/- | | | | | |
| | চ) আটপুকুর হাট | ৪,৭৩,২০০/- | ১,৬০০/- | | | | | |
| | ছ) আটপুকুর বাজার | ১৮,১৫০/- | ৫০০/- | | | | | |
| | জ) পুখুরী হাট | ৮৪,৫০০/- | ৫০০/- | | | | | |
| | ঝ) পুখুরী বাজার | বসে না | -- | | | | | |
| | ঞ) খয়েরবাড়ী হাট ও বাজার | ৬৩,৫০০/- | ৫০০/- | | | | | |
| | ট) রুদ্রানী হাট ও বাজার | ১৯,২০০/- | ৫০০/- | | | | | |
| | ঠ) মেলাবাড়ী হাট | ১৮,৬০০/- | ৫০০/- | | | | | |
| ২য় বার | ঐ | ঐ | ঐ | ঐ | ২৭/০২/২০১৭ | ২৮/০২/২০১৭ | ঐ | ঐ |
| ৩য় বার | ঐ | ঐ | ঐ | ঐ | ০৬/০৩/২০১৭ | ০৭/০৩/২০১৭ | ঐ | ঐ |

(মোঃ এহেতেশাম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
☏- ০৫৩২৭-৫৬২৩১
✉ unofulbaridinajpur@mopa.gov.bd